যায়যায়দিন

তারিখ 21 MAY 2008
পৃষ্ঠা - ১৬ ৭

জাবির তিন ছাত্রের জামিনের পর আবার গ্রেফতার

বিক্ষোভে উত্তাল ক্যাম্পাস

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের র‍্যাবের হাতে আটক তিন ছাত্রকে জামিনের পর আবার গ্রেফতারের ঘটনায় উত্তপ্ত হয়ে উঠেছে ক্যাম্পাস। রবিবার রাতে গ্রেফতারের পর গতকাল তারা কোর্ট থেকে জামিন লাভ করলেও আগে করা একটি মামলায় তাদের শ্যোন অ্যারেস্ট দেখানো হয়। এ খবর ক্যাম্পাসে পৌঁছলে বিক্ষুব্ধ ছাত্ররা বিকালে ভিসির বাসভবন ঘেরাও করে। ভিসি এ ব্যাপারে কিছু জানেন না বলে জানান।

রবিবার রাতে ক্যাম্পাসে ছিনতাই চেষ্টাকালে তিন বহিরাগতকে প্রতিহত করে কিছু ছাত্র। এতে প্রহৃত হয় র‍্যাবের সোর্স বলে পরিচিত টিয়া বাবু। রাতে সমঝোতার কথা বলে ওই ছাত্রদের ক্যাম্পাসের ডেইরি গেটে নিয়ে এসে তাদের ওপর চড়াও হয় টিয়া বাবুর সঙ্গীরা। ধাওয়া-পাল্টা ধাওয়ার সময় সেখানে উপস্থিত সাদা পোশাকধারী এক র‍্যাব সদস্য আহত হন। এরপর র‍্যাব-৪ জাকির, মোনায়েম, জেমস ওরফে রহিম নামে তিন শিক্ষার্থীকে আটক করে। ওই রাতে তাদের ছিনতাই মামলার আসামি করে আশুলিয়া থানায় সোপর্দ করা হয়। গতকাল দুপুর ২টায় এ মামলায় জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট তাদের জামিন দিলেও গত ১০ জানুয়ারি সাভার থানায় জাবি ছাত্রলীগের সভাপতি সোহেল পারভেজের করা একটি মামলায় জাকির ও মোনায়েমকে শ্যোন অ্যারেস্ট করা হয়।

এ খবর ক্যাম্পাসে পৌঁছলে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিকাল ৫টায় ভিসির বাসভবন ঘেরাও করে। এ সময় তিনি ঢাকায় অবস্থান করছিলেন। সন্ধ্যা ৭টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত শিক্ষার্থীরা তার বাসভবনের সামনে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ ও মিছিল করছিল। অস্থায়ী ভিসি অধ্যাপক মুনিরুজ্জামানের সঙ্গে ফোনে যোগাযোগ করা হলে তিনি এ ব্যাপারে কিছু জানেন না বলে জানান। তিনি রেজিস্ট্রার বা প্রক্টরের সঙ্গে যোগাযোগ করার পরামর্শ দেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন ঘটনার সত্যতা স্বীকার করে সাংবাদিকদের জানান, তিনি শিক্ষার্থীদের মুক্তির বিষয়ে জেল সুপারের সঙ্গে কথা বলেছেন।